সীমিত

নিলাম বিজ্ঞপ্তি

১। **প্রতিষ্ঠানের নামঃ** **এসএসডি খাগড়াছড়ি।**

২। **কাজের বিবরণঃ** এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, প্রচুর সংখ্যক ব্যবহারযোগ্য, মেরামতযোগ্য এবং অকেজো বস্তা (নাইলন/পাট) ও অন্যান্য মোড়ক সামগ্রী ষ্টেশন সাপ্লাই ডিপো, খাগড়াছড়ি সেনানিবাসে আগামী ২৪ অগ্রহায়ণ ১৪৩৩ (বাংলা) ০৯ ডিসেম্বর ২০২৬ তারিখ ১১০০ ঘটিকায় প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। নিলামযোগ্য সামগ্রীর লট সমূহ ০৯ ডিসেম্বর ২০২৬ তারিখ সকাল ০৮০০ ঘটিকা হতে ১০৩০ ঘটিকা পর্যন্ত নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিবর্গের প্রদর্শণের জন্য উন্মুক্ত রাখা হবে । সকল নিলাম ডাককারীদেরকে নিলাম শুরুর পূর্বে নিরাপত্তা জামানত বাবদ (ফেরতযোগ্য) অধিনায়ক, এসএসডি খাগড়াছড়ি সেনানিবাস এর অনুকূলে ১,০০,০০০.০০ (এক লক্ষ মাত্র) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার নিলাম পরিচালনা পর্ষদ সভাপতি/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট জমা করতে হবে । প্রত্যেক লটের সর্বোচ্চ নিলাম ডাক দাতাকে তাৎক্ষণিকভাবে লটের নিলাম মূল্যের ২৫%, আয়কর ১০% এবং মূল্য সংযোজন কর (ভ্যাট) ১৫% নিলামের স্থলে নিলাম পরিচালনাকারীর নিকট জমা করতে হবে । কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের পর অবশিষ্ট সমুদয় মূল্য পরবর্তী ০৬ (ছয়) টি কার্য দিবসের মধ্যে জমা পূর্বক নিজ খরচে নিলামকৃত মালামাল ডেলিভারী নিতে হবে । অন্যথায় নিলামের স্থলে জমাকৃত ২৫%, আয়কর ১০% এবং মূল্য সংযোজন কর (ভ্যাট) ১৫% বাবদ জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করে সরকারী কোষাগারে জমা করা হবে । অন্যান্য শর্ত/নিয়মাবলী নিলামের স্থলে অবগত করা হবে । নিলাম কার্য পরিচালনার জন্য গঠিত পর্ষদ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন লটের নিলাম দর গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা রাখেন ।

ক।	দরপত্র বিক্রয়ের তারিখ	ঃ ০৯ ডিসেম্বর ২০২৬ (০৮০০ ঘটিকা)
খ।	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	ঃ ০৯ ডিসেম্বর ২০২৬ (১০৩০ ঘটিকা)
গ।	দরপত্র খোলার তারিখ	ঃ ০৯ ডিসেম্বর ২০২৬। (১১০০ ঘটিকা)

অধিনায়ক
ষ্টেশন সাপ্লাই ডিপো
খাগড়াছড়ি সেনানিবাস